# সভার কার্যবিবরনী

**স্থানঃ কামারখালী U.P.C ভবন।      তারিখ ঃ ০৮/০২/২০২৩ ইং,      সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।**

**সভাপতি ঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।**

**উপস্থিত সদস্যবৃন্দের নাম**

| | | | |
|---|---|---|---|
| **০১.** | জনাব মমতাজ বেগম | ০৭. | জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী |
| **০২.** | জনাব জোহরা বেগম | ০৮. | জনাব মোঃ মতিয়ার রহমান |
| **০৩.** | জনাব আসমা বেগম | ০৯. | জনাব মোঃ আশরাফ মোল্যা |
| **০৪.** | জনাব মোঃ জসীম শেখ | ১০. | জনাব মোঃ আবুল কালাম আজাদ |
| **০৫.** | জনাব মোঃ আলমগীর হোসেন | ১১. | জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু |
| **০৬.** | জনাব মোঃ ছরোয়ার ফকির | ১২. | জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা |

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে ফেব্রুয়ারি/২০২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

**আলোচ্য সূচি-১:**

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হইলো এবং কোনো আপত্তি এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হইলো।

**আলোচ্য সূচি-২:**

চেয়ারম্যান সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা চেয়ারম্যান মধুখালী ফরিদপুর এর স্মারক নং ৫১.০১.৫৪০৮.০০০.১৪.৭৫.২২-৪৫৩, তারিখ ০১/০২/২০২৩ খ্রিঃ এর মর্মানুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচীর আওতায় (২য় পর্যায়) সাধারন খাতে অত্র ইউনিয়নের অনুকুলে ৯৮,৫০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে । উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহন ও প্রকল্প বাস্তাবায়ন কমিটি (পিআইসি) গঠন করে উপজেলা অফিসে প্রেরন করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে সরাকরী নীতিমালা অনুসরন করিয়া নিম্নলিখিত প্রকল্প গ্রহন ও প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করা হইল।

**১। প্রকল্পের নামঃ জারজননগর কুমিরখোলা হইতে চন্ডিদাসের বাড়ী অভিমুখী রাস্তা উন্নয়ন।**
**বরাদ্দ**- ৯৮,৫০০/-

**প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)**

| | | |
|---|---|---|
| ১। মোঃ রাকিব হোসেন চৌধুরী, | ইউপি চেয়ারম্যান, | প্রকল্প সভাপতি |
| ২। মোঃ মুকুল হোসেন, | সমাজকর্মী, | প্রকল্প সেক্রেটারী |
| ৩। মোছাঃ মমতাজ বেগম, | ইউপি সদস্য, | প্রকল্প সদস্য |
| ৪। সরোজিত কুমার ঘোষ, | শিক্ষক, | প্রকল্প সদস্য |
| ৫। নিখিল চন্দ্র বালা, | পুরোহিত, | প্রকল্প সদস্য |

**আলোচ্য সূচি-৩:**

চেয়ারম্যান সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা চেয়ারম্যান মধুখালী ফরিদপুর এর স্মারক নং ৫১.০১.৫৪০৮.০০০.১৪.৫৭.২৩-৫৬০, তারিখ ০৭/০২/২০২৩ খ্রিঃ এর মর্মানুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় (২য় কিস্তি) অত্র ইউনিয়নের অনুকুলে ২,৫০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে । উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহন ও প্রকল্প বাস্তাবায়ন কমিটি (পিআইসি) গঠন করে উপজেলা অফিসে প্রেরন করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে সরাকারী নীতিমালা অনুসরন করিয়া নিম্নলিখিত প্রকল্প গ্রহন ও প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করা হইল।

**১। প্রকল্পের নামঃ  চরবালিয়াডাঙা কাচিকাটা খালের বাধ হইতে প্রাথমিক বিদ্যালয় অভিমুখী রাস্তা সংস্কার।**
**বরাদ্দ- ২,৫০,০০০/-**

**প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)**

| | | |
|---|---|---|
| ১। মোছাঃ মমতাজ বেগম | ইউপি সদস্য | প্রকল্প সভাপতি |
| ২। মোঃ মিজানুর রহমান | গণ্যমান্য ব্যক্তি | প্রকল্প সেক্রেটারি |
| ৩। মোঃ রুহুল মোল্যা | ইমাম | প্রকল্প সদস্য |
| ৪। মোঃ আতাউর রহমান | শিক্ষক | প্রকল্প সদস্য |
| ৫। মোঃ নজরুল বিশ্বাস | ভিডিপি | প্রকল্প সদস্য |

**আলোচ্য সূচি-৩ঃ**

সভায় সভাপতি সাহেব সভাকে জানান যে, কামারখালী ইউনিয়ন পরিষদের রাজস্ব আয়ের প্রধান উৎস হচ্ছে হোল্ডিং ট্যাক্স। এ হোল্ডিং ট্যাক্সের আদায়ের মাধ্যমে ইউনিয়ন পরিষদের বিভিন্ন ধরণের উন্নয়নমূলক কর্মকান্ড করা সম্ভব। তাই আমাদের ইউনিয়ন পরিষদের কর আদায়ের ব্যবস্থা করা প্রয়োজন। তখন সভায় সদস্য জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী বলেন যে, এবারের হোল্ডিং ট্যাক্স কিভাবে আদায় করা হবে বা কার মাধ্যমে আদায় করা হবে এ বিষয়ে জানতে চান। তখন সভায় সভাপতি সাহেব জানান যে, বিভিন্ন ধরনের সংগঠন থেকে যে কোন ১টি সংগঠন বাছাই করে আমরা হোল্ডিং ট্যাক্স আদায় করতে পারি। যথাযথভাবে এসেসমেন্ট করে হোল্ডিং ট্যাক্স বা কর ধার্য করা এবং তা আদায় করা অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সময়সাপেক্ষ একটি কাজ। এজন্য ২০২২-২০২৩ অর্থ বছরে হোল্ডিং ট্যাক্স আদায়ের লক্ষে মাইকিং করা খুবই জরুরী। তখন সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে ২০২২-২৩ অর্থবছরে হোল্ডিং ট্যাক্স আদায়ের লক্ষে মাইকিং করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচি-৪ঃ**

ইউপি চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, অগ্নিঝরা মার্চ সামনে ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। এই দিবসটি যথাযথ মর্যাদায় আমরা উদযাপন করিব। ১৯৭১ সালের ২৫ শে মার্চ রাত্রে স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কালুলঘাট বেতার কেন্দ্র থেকে সর্বপ্রথম স্বাধীনতার ডাক দেন। তার ডাকে সাড়া দিয়ে ৯ মাসের রক্তক্ষয়ী সংঘর্ষে ৩০ লক্ষ শহীদের এবং ২ লক্ষ সম্ভ্রমহারা নারীর বিনিময়ে পেয়েছি আমরা একটি স্বাধীন বাংলাদেশ এবং একটি লাল সবুজের পতাকা। দিবসটি পালনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী পালন করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত কর্মসূচী গ্রহণ করা হইল ঃ

১। ২৬ শে মার্চ সকাল ৮ ঘটিকায় জাতীয় পতাকা উত্তোলণ ও সম্মান প্রদর্শন।
২। সকাল ৮.১০ ঘটিকায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান - এর প্রতিকৃতিকে মাল্যদান।
৩। সকাল ৯.১০ ঘটিকায় স্বাধীনতা দিবস সম্পর্কে বিশদ আলোচনা সভা ও র‌্যালী।
৪। সকাল ১০.৩০ ঘটিকায় মিলাদ মাহফিল ও জাতির পিতার আত্মার মাগফেরাত কামনা ও মোনাজাত।

**আলোচ্য সূচি-৫ঃ**

চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) হইতে পিআইসি এর মাধ্যমে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত টাকার বিপরীতে প্রকল্প বাছাই ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা জরুরী প্রয়োজন। তখন সভায় ইউপি সদস্য জনাব মোঃ মতিয়ার রহমান প্রস্তাব করেন যে, কোমরপুর মধ্যপাড়া মসজিদ হইতে পূর্বপাড়া মসজিদ পর্যন্ত এইচবিবি রাস্তাটি বিভিন্ন স্থানে ভেঙ্গে গিয়াছে বিধায় জনসাধারণ, ভ্যান ও মোটর সাইকেল যাতায়াত খুবই বাধাগ্রস্ত হচ্ছে। রাস্তাটি জরুরীভাবে সংস্কার করা প্রয়োজন। তখন বিস্তারিত আলোচনান্তে ইউপি সদস্য জনাব জহুরা বেগমের সমর্থনে উক্ত প্রকল্পটি ও ৭ সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হইলো।

**প্রকল্পের নামঃ কোমরপুর মধ্যপাড়া মসজিদ হইতে পূর্বপাড়া মসজিদ পর্যন্ত এইচবিবি রাস্তা সংস্কার।**
**বরাদ্দঃ ২,০০,০০০/- টাকা।**

**পিআইসি**

| | | |
|---|---|---|
| ১। মোঃ রাকিব হোসেন চৌধুরী | ইউপি চেয়ারম্যান | প্রকল্প সভাপতি |
| ২। মাহফুজুর রহমান জাফর | শিক্ষক | প্রকল্প সেক্রেটারী |
| ৩। মোছাঃ জোহরা খাতুন | ইউপি সদস্য | প্রকল্প সদস্য |
| ৪। আঃ গফুর মোল্যা | গণ্যমান্য ব্যক্তি | প্রকল্প সদস্য |
| ৫। আবর আলী মন্ডল | ভিডিপি | প্রকল্প সদস্য |
| ৬। মোক্তার হোসেন মোল্যা | বীর মুক্তিযোদ্ধা | প্রকল্প সদস্য |
| ৭। মোঃ নান্নু মৃধা | সমাজসেবক | প্রকল্প সদস্য |

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

**সভাপতি**

তারিখ: ০৮/০২/২০২৩ খ্রিঃ

**(মোঃ রাকিব হোসেন চৌধুরী)**
চেয়ারম্যান
১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।